

" গ্যাস জাতীয় সম্পদ ।
এর অপচয় রোধ করে
জাতীয় দায়িত্ব পালন
করুন।"

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

বিজিএফসিএল

...

সভাপতি	মোঃ আমীর ফয়সাল মহাব্যবস্থাপক (কম্প্রসার এন্ড জেনারেটর) ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল
সভার তারিখ	২৯-০৯-২০১৯
সভার সময়	সকাল-১১:০০ ঘটিকা
স্থান	মিটিং রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল
উপস্থিতি	কমিটির সদস্যবৃন্দ (সংযুক্তি অনুযায়ী)

২৯.০৯.২০১৯ তারিখে কোম্পানির নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০১৯) সভা কমিটির সভাপতি, জনাব আমীর ফয়সাল, মহাব্যবস্থাপক (কম্প্রসার এন্ড জেনারেটর)-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য-সচিবকে আলোচনা শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয়:

১.০ আলোচনা :

১.১। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০২০ ইত্যমধ্যে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। উক্ত কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করা হয় এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা করা হয়।

১.২। পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০১৯-২০২০ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে কি-না, এতদ্বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় অবহিত করা হয় যে, ২০১৯-২০২০ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা প্রক্রিয়ার চূড়ান্ত পর্যায়ে রয়েছে, যা যথাসময়ে ওয়েবসাইটে প্রকাশ করা সম্ভব হবে।

১.৩। সভায় অবহিত করা হয় যে, লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্য বাস্তবায়নের ক্ষেত্রে কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০২০ এ কোন ধরনের চ্যালেঞ্জ থাকলে তা ওভারকাম করার জন্য কার্য বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির সাথে যথাসময়ে আলোচনা করে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

২.০ সিদ্ধান্ত :

২.১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০২০ এ উল্লিখিত লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্য বাস্তবায়ন করতে হবে।

২.২। যথাসময়ে ২০১৯-২০২০ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

২.৩। লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্য বাস্তবায়নের ক্ষেত্রে কোন ধরনের চ্যালেঞ্জ থাকলে তা মোকাবেলা করার নিমিত্ত কার্য বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির সাথে আলোচনা করে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছুটিকালীন সময়ে নৈতিকতা কমিটির সদস্য উপ-মহাব্যবস্থাপক (পাওয়ার জেনারেশন এন্ড ফিল্ড মেইনটেন্যান্স), জনাব জাকির হোসেন তরফদার পেট্রোবাংলার চাহিদা অনুযায়ী কোম্পানির উত্তম চর্চা ও চ্যালেঞ্জ, সমস্যা নিরসন

সম্পর্কে একটি প্রতিবেদন যথাসময়ে প্রস্তুত করে পেট্রোবাংলায় প্রেরণ করেন। জনাব তরফদার এর এরুপ তড়িৎ ব্যবস্থা গ্রহণের জন্য সভায় তাঁকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আমীর ফয়সাল

মহাব্যবস্থাপক (কম্প্রসর এন্ড জেনারেটর) ও
সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.০৩২.৩৩.০০১.১৮.১০৫

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৬

৩০ সেপ্টেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাব্যবস্থাপক (সংস্থাপন) ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, পেট্রোবাংলা
- ২) সকল সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।
- ৩) ব্যবস্থাপক (আইডব্লিউটি), বিজিএফসিএল (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।



মোঃ আমীর ফয়সাল

মহাব্যবস্থাপক (কম্প্রসর এন্ড জেনারেটর) ও
সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল